

ঘোষণাপত্র

ভূমিকা

গালিসিয়ান ভাষা গালিসিয়ার মানুষের কাছে এক অনন্যসাধারণ ঐতিহ্যের ধারক ও বাহক। এই ভাষাই আমাদেরকে গালিসিয়ান হিসাবে চিহ্নিত করেছে এবং পৃথিবীর মানচিত্রে একটি স্থান করে দিয়েছে।

প্ৰেক্ষাপট

গালিসিয়ান হিসাবে আমরা এই প্রাচীন ভাষা ও তার স্বর্ণময় ইতিহাসের অংশীদার হয়ে গর্বিত। ষষ্ঠদশ শতাব্দীর প্রথমভাগে, বিভিন্ন কারণে এই ভাষা নৈঃশব্দের অন্ধকার সুরঙ্গে প্রোথিত হয়। ক্রমে এই ভাষা হারিয়ে যেতে থাকে এবং নৈতিক ও শারীরিক ভাবে বিভিন্ন অত্যাচারের শিকার হয়। এই দুরূহ সময়ে, গালিসিয়ান ভাষার ব্যবহার শুধুমাত্র সমাজের নিম্নবর্গের মানুষের মধ্যেই সীমাবদ্ধ থাকে এবং পরবর্তীকালে ঊনবিংশ শতাব্দীর প্রথম ভাগ থেকে শিক্ষিত তথা গুণীসমাজে এর পুনঃপ্রচলনের ফলে গালিসিয়ান সমাজ ও সভ্যতার মূল অংশগুলি সযত্নে সংরক্ষিত হয়। সকলের এই সমবেত প্রচেষ্টায় গালিসিয়া আজ শুধু এক ঐতিহাসিক জাতি হিসাবে পরিচিত হয়েছে তাই নয়, নিজস্ব রাজনৈতিক স্বাধীনতাও অর্জন করেছে। গালিসিয়ার পরবর্তীকালীন স্বায়ত্ত্বশাসন ক্ষমতাবীন সরকার গালিসিয়ান ভাষার উন্মেষের পথকে আরও প্রশস্ত করেছে। এর ফলে বিশেষতঃ শিক্ষা, শাসন এবং সংবাদ মাধ্যমে অভূতপূর্ব গতির সঞ্চার হয়েছে।

নিবেদন

'Prolingua' র সৃষ্টি হয়েছে বিভিন্ন বিশ্বাসে বিশ্বাসী এবং বিবিধ পেশায় নিযুক্ত মানুষের একনিষ্ঠ প্রচেষ্টার মাধ্যমে। এর প্রধান লক্ষ্য হল গালিসিয়ার (এবং

অবশ্যই তার সীমান্তবর্তী এলাকাগুলিতে) মাতৃভাষা হিসাবে গালিসিয়ান ভাষার প্রচার এবং এই ভাষার সত্যিকারের সরকারী স্বীকৃতি; বিশেষতঃ সেই সব ক্ষেত্রে যেমন ব্যবসা-বাণিজ্য, আইন-কানুন, অন্যান্য সরকারী ও বেসরকারী পরিষেবা এবং সংবাদ মাধ্যম যেখানে এতদিন গালিসিয়ান ভাষার ব্যবহার একরকম অস্পৃশ্য ছিল। তাই আজ আমরা 'Prolingua' র প্রধান উদ্দেশ্য হিসাবে ১৯৮৩ সাল তথা ২০০৪ সাল থেকে সার্বজনীন ভাষাতাত্ত্বিক পরিকল্পনা সংক্রান্ত যে সকল আইন গালিসিয়ান সংসদের সম্মতি লাভ করেছে, সেগুলিকেই আমাদের প্রধান উদ্দেশ্য হিসাবে ঘোষণা করছি। আমরা যেহেতু সংদেশের সং নাগরিক, যেখানে নাগরিক অধিকার লঙ্ঘিত হয় না, তাই আমরা দাবী করছি যে সরকারের পক্ষ থেকে যেন এমন কোনো পদক্ষেপ না নেওয়া হয়, যাতে গালিসিয়ান জাতির অধিকার বঞ্চিত হয় এবং অন্যদিকে গালিসিয়ান ভাষা জানাকেই যেন গালিসিয়ানদের জাতীয়তাবাদের প্রতীক হিসাবে গন্য করে সম্মান জানানো হয়।

পদ্ধতি

- 'Prolingua' র সভ্য হওয়ার জন্য প্রাথমিকভাবে প্রয়োজন হল গালিসিয়ান ভাষার প্রতি একনিষ্ঠ শ্রদ্ধা এবং ভালবাসা। আর ব্যক্তিগত ও সামাজিক জীবনে এই ভাষার প্রসারের জন্য সচেতনতা বৃদ্ধি করা এবং সার্বিকভাবে এই ভাষাকে বাঁচানোর চেষ্টা করা।

- গালিসিয়ান ভাষা যেহেতু গালিসিয়ান জাতির প্রধান উত্তরাধিকার, সেই কারণে এখানে অন্য কোনো আদর্শ বা সংস্কার স্থান নেই। 'Prolingua' একান্তভাবেই একটি অরাজনৈতিক সংস্থা।

- 'Prolingua' একান্তভাবেই একটি ব্যক্তিগত প্রচেষ্টা। এখানে কোনো বহিরাগত দলের স্থান নেই।

- যদিও 'Prolingua' র সদস্যরা স্বাধীনভাবে যেকোনো কাজে অংশগ্রহন করতে পারেন, তবুও সামগ্রিকভাবে সদস্যরা সেইসব কাজেই ব্যাপ্ত থাকবেন যা 'Prolingua' র আদর্শের অনুগত। আবশ্যিকভাবে 'Prolingua' র সদস্যরা এমনকোন কাজে জড়িত হবেন না যা এই সংস্থার আদর্শের পরিপন্থী।

- বর্তমান লোগোচিহ্ন ছাড়া কোন অবস্থাতেই অন্যকোনো লোগোচিহ্ন ব্যবহৃত হবে না।

- 'Prolingua' সমস্ত সদস্যকে সমানভাবে দেখে এবং ভাষার প্রতি বিশেষ মনোযোগ ছাড়া অন্যকোনো বিষয়ে আগ্রহী নয়।

আপনি যদি এই ঘোষণাপত্রে স্বাক্ষর করতে চান, সেক্ষেত্রে আপনি আপনার পুরোনাম ও পেশা জানিয়ে নিম্নলিখিত যোগাযোগের ঠিকানায় একটি ই-মেল করুন। আমরা আপনার কাছ থেকে উত্তরের প্রত্যাশায় রইলাম।

prolinguagalega@gmail.com